

এই চিঠির তথ্য বাংলা ভাষায় শোনার জন্য বা অন্য কোনো ভাষায় কিংবা বুঝতে পারার সুবিধাজনক কোনো উপায়ে এর তথ্য চাইলে – অনুগ্রহ করে আপনার মোবাইল ফোন দিয়ে কিউ.আর কোডটি স্কান করে নিন;



অথবা এই লিংকে ক্লিক করুন;

[Cervical screening - Leeds Health and Care Partnership](#)

আমরা আপনাকে স্মরণ করিয়ে দিতে চাই যে, আপনার সার্ভিক্যাল স্ক্রীনিং টেস্ট (বা স্মিয়ার টেস্ট) করার সময় হয়েছে। স্ক্রীনিং অ্যাপয়েন্টমেন্টে গিয়ে স্মিয়ার টেস্ট করিয়ে নেওয়া আপনার স্বাস্থ্যের জন্য খুবই গুরুত্বপূর্ণ। এই টেস্ট বিনামূল্যে করা হয়।

সার্ভিক্যাল স্ক্রীনিং টেস্ট দিয়ে ক্যান্সার হয়েছে কি না সেটা জানা যায় না। তবে, এর মাধ্যমে জরায়ুর মুখে এইচ.পি.ভি (বা মানব প্যাপিলোমাইনোভাইরাস) আছে কি না সেটা জানা যায়। এই ভাইরাসের যদি চিকিৎসা না করা হয়, তবে তা ক্যান্সারে পরিণত হতে পারে। এমনকি আপনি যদি এইচ.পি.ভি ভ্যাকসিন নিয়েও থাকেন, তারপরেও সার্ভিক্যাল স্ক্রীনিং অ্যাপয়েন্টমেন্টে গিয়ে স্মিয়ার টেস্ট করিয়ে নিয়ে জরায়ুর ক্যান্সার হওয়া থেকে রক্ষা পাওয়ার ব্যবস্থা করা আপনার জন্য খুবই গুরুত্বপূর্ণ।

আমরা আপনাকে আশ্বস্ত করতে চাই যে, এটি একটি নিয়মিত টেস্ট, যেটি ইউকেতে প্রতি বছর হাজার হাজার জীবন বাঁচাতে সাহায্য করে।

টেস্টটি একজন প্র্যাকটিস নার্স সম্পন্ন করবেন তিনি পরীক্ষার প্রতিটি ধাপ নিয়ে আপনার সাথে কথা বলবেন। তিনি আপনার যে কোন প্রশ্নের উত্তর দেবেন। আপনি চাইলে কাউকে অ্যাপয়েন্টমেন্টে নিয়ে আসতে পারবেন। টেস্টের ফলাফল আপনার ঠিকানায় চিঠি দিয়ে এবং এন.এইচ.এস এর অ্যাপের মাধ্যমে জানানো হবে। ফলাফল সম্পূর্ণরূপে গোপন রাখা হবে।

অ্যাপয়েন্টমেন্ট অগ্রিম বুক করা যাবে। আপনার সুবিধামতো সময়ে অ্যাপয়েন্টমেন্ট বুক করার জন্য অনুগ্রহ করে জিপি-র প্র্যাকটিসের সাথে যোগাযোগ করুন। অনুগ্রহ করে বুকিং করার সময় আমাদেরকে জানাবেন যদি আপনার কোনো উদ্বেগ থাকে অথবা বা টেস্ট আসতে আপনার কোনো সাহায্য লাগে। আমরা আপনার অনুরোধ রক্ষা করার যথাসাধ্য চেষ্টা করবো।

আপনার স্বাস্থ্য আমাদের কাছে মূল্যবান – আপনি ও আমরা একসাথে মিলে ক্যান্সার শুরু হওয়ার আগেই তা রুখে দিতে পারি।

টেস্ট সম্পর্কে আরও তথ্য এন.এইচ.এস এর এই ওয়েবসাইটে পাওয়া যাবে: www.nhs.uk/conditions/cervical-screening

আমরা আপনার কাছ থেকে জানার অপেক্ষায় রইলাম।